দৈনিক খবর

09 OCT 1990
পৃষ্ঠা... কলাম...

06

~~120~~

### ভুয়া মার্কশীট

# জগন্নাথ কলেজের ২ জন ছাত্রসহ ৩ জনকে পুলিশে সোপর্দ

।। স্টাফ রিপোর্টার ।।

সাবসিডিয়ারী পরীক্ষার ভুয়া মার্কশীট পেশ করে অনার্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল সোমবার জগন্নাথ কলেজের দু'জন ছাত্রসহ তিনজনকে পুলিশে সোপর্দ করেছে।

২-এর পাতায় দেখুন

## জগন্নাথ কলেজের

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়; জামালপুর জেলার সদর উপজেলার পিভারহাটি গ্রামের মোহাম্মদ জয়েন উদ্দিনের পুত্র মোহাম্মদ আব্বাছ আলী ও মৌলভীবাজার সদর উপজেলার গন্ডেহরী গ্রামের হাজী মোহাম্মদ ময়না মিয়ার পুত্র মোহাম্মদ হায়দর আলী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৮ সালের সম্মান পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে সাবসিডিয়ারী পরীক্ষার মার্কশীট দাখিল করে। কিন্তু অফিসে ওই মার্কশীট ভুয়া বলে সনাক্ত করা হয়। এ কারণে তাদের প্রবেশপত্র কলেজে না পাঠিয়ে মূল মার্কশীট নিয়ে আসতে বলা হয়। গতকাল সোমবার তারা মূল ভুয়া মার্কশীট নিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে এলে তাদেরকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়। ভুয়া মার্কশীট সংগ্রহের ব্যাপারে সহযোগিতাকারী মোহাম্মদ সালেহ নামে অপর একজনকেও পুলিশ গ্রেফতার করেছে।